কার্পাসডাঙ্গা কবরস্থান মোড়ে

কাঁথা ব্যবসায়ীদের মধ্যে

সংঘর্ষে আহত ২

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা কবরস্থান মোড়ে আজ বুধবার
বিকাল ৫ ঘটিকার সময় নকশীকাঁথা ব্যবসায়ীদের মধ্যে ক্রয়-বিক্রয় করাকে কেন্দ্র করে বাকবিতন্ডা সৃষ্টি হয়।এবং একপর্যায়ে সংঘর্ষে রূপ নেয়।

এই সংঘর্ষে দুই জন আহত। আহতদের মধ্যে কার্পাসডাঙ্গা কলোনি পাড়ার মৃত আলী আহমেদ ছেলে শফিউদ্দিন (৪০), কার্পাসডাঙ্গার মিজানুর রহমানের ছেলে রাজু (৩৫) আহত হন। আহতদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। তাৎক্ষণিক কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়িতে খবর গেলে এস আই ইমরান হোসেন ও এ এস আই মোসলেম উদ্দিন সহ সঙ্গীয় ফোর্স নিয়ে তারা দ্রুত ঘটনাস্থলে পৌঁছায় এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

এই রিপোর্ট লেখা পর্যন্ত পুলিশ সূত্রে জানা গেছে কোনো পক্ষ হতে কোনো অভিযোগ দাখিল হয়নি। অভিযোগ হলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

দ্রুত পুলিশের হস্তক্ষেপে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য উভয়পক্ষকে শান্তি শৃঙ্খলা বজায় রেখে চলার জন্য বলেন।

কার্পাসডাঙ্গা ইউপি জন্ম মৃত্যু নিবন্ধনে উপজেলায় প্রথম স্থান; স্টাফদের মাঝে পুরষ্কার

বিতরণ

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের জন্ম মৃত্যু নিবন্ধন রেজিষ্ট্রেশন কার্যক্রমে প্রথম হওয়ায় কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের হলরুমে আজ সোমবার বেলা ১১ টায় কোরআন তেলওয়াতের মাধ্যমে চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাসের সভাপতিত্বে পুরষ্কার বিতরণি অনুষ্ঠান করা হয়।

এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল কাদের বিশ্বাস, সহ-সভাপতি আব্দুল হান্নান, যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুস সালাম বিশ্বাস,কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক জাহিদুর রহমান মুকুল, ইউনিয়ন যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মো শরিফুজ্জামান শরিফ, ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক সানাউল কবির শিরিন, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের সচিব মো হাসানুজ্জামান সহ ইউনিয়ন পরিষদের সকল সদস্যবৃন্দ। কার্পাসডাঙ্গা ইসলামিয়া ডিগ্রি ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ জিল্লুর রহমান ও ১৯ টি প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা। কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের ৩নং ওয়ার্ড সদস্য আহসান হাবীব, ৮ নং ওয়ার্ড সদস্য জিল্লুর রহমান,কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ আরাফাত,হারা সরকার সহ সকল গ্রাম পুলিশ।

এরপর প্রত্যক শিক্ষা প্রতিষ্ঠানে ১ টি করে ফুটবল ও একটি করে সিলিং ফ্যান শিক্ষক ও শিক্ষার্থীদের হাতে তুলে দেন। এসময় প্রধান অতিথির বক্তব্যে বলেন এই কোমলমতি শিক্ষার্থীরা আজকের শিশু আগামীর ভবিষ্যৎ। এই শিক্ষার্থীরা মোবাইলে ফ্রী ফায়ার পাবজী গেম খেলে এবং মোবাইলে বিভিন্ন অনুষ্ঠান থেকে বিরত থাকার জন্য শিশুরা ফুটবল খেলার মাঠে থাকবে। তারা ভবিষ্যৎ জীবন গড়বে।খেলার মাধ্যমে তাদের লেখাপড়া মনমানসিকতা পরিবর্তন হবে। সর্বশেষ প্রধান অতিথি কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের মূল ফটক পুরাতন লোহার গেইট পরিবর্তন করে এস এস স্টিলের গেটের উদ্বোধন করেন। এসময় স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটির সঞ্চালনায় ছিলেন আব্দুস সালাম বিশ্বাস।

দামুড়হুদার কার্পাসডাঙ্গায় দুই ফার্মেসী ব্যবসায়ীর ৫৫ হাজার টাকা জরিমানা

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা বাজারে ভোক্তা অধিকারের অভিযানে দুই ঔষধ ফার্মেসী ব্যাবসায়ীর ৫৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকাল ১০টার দিকে চুয়াডাঙ্গা জেলা ভোক্তা অধিকারের সহকারী পরিচালক সজল আহমেদ এর নেতৃত্বে কার্পাসডাঙ্গা বাজারে মোবাইল কোর্ট পরিচালনা করে।

জানা যায় কার্পাসডাঙ্গা বাজারস্থ মেসার্স বিশ্বাস মেডিনোভা ফার্মেসিকে মেয়াদ উত্তীর্ণ ঔষধ রাখার অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষন আইন এর ৫১ ধারা মোতাবেক ৫০,০০০/- হাজার টাকা জরিমানা করেন ও কার্পাসডাঙ্গা বাজারস্থ হায়দার ফার্মেসিকে একই অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষন আইন মোতােঊশ ৫,০০০/-হাজার টাকা জরিমানা করেন। অভিযান পরিচালনায় সহায়তা করেন কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির এ এস আই মসলেম উদ্দীন সহ সঙ্গীয় ফোর্স।

কার্পাসডাঙ্গায় মাদক বিরোধী অভিযানে ৪৫পিচ ইয়াবাসহ গ্রেফতার ২

চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের সার্বিক দিকনির্দেশনায় অফিসার ইনচার্জ দামুড়হুদা মডেল থানা জনাব মোঃ

সাইফুল ইসলামের নেতৃত্বে কার্পাসডাঙ্গা ক্যাম্পের এসআই (নিঃ) ইমরান হোসেন, এএসআই (নি:) বিপ্লব দাস, এএসআই (নি:) মোঃ মসলেম উদ্দিন সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী বিশেষ অভিযান পরিচালনা করেন।

গোপন সংবাদের ভিত্তিতে আজ (১১ জুলাই) মঙ্গলবার ভোর ৪ টা ১০ মিনিটের সময় রঘুনাথপুর বিশ্বাস পাড়া গ্রামের মোঃ আমির হোসেন ছেলে মোঃ আল মামুনুর রশিদ সোহাগ (৩৫) ও কার্পাসডাঙ্গা গ্রামের মৃত আঃ বারী স্ত্রী মোছাঃ হালিমা খাতুন (৩৩) কে বাড়ির সামনে পাকা রাস্তার উপর হইতে ৪৫ (পয়তাল্লিশ) পিচ ইয়াবাসহ হাতেনাতে গ্রেফতার করে।

পুলিশ সূত্রে জানা গেছে গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়।

কার্পাসডাঙ্গায় বাস-মিনিবাস কোচ মাইক্রোবাস সড়ক পরিবহন শ্রমিক ইউনিয়ন নির্বাচন সম্পন্ন

জানা গেছে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা শাখা বাস মিনিবাস কোচ মাইক্রোবাস সড়ক পরিবহন শ্রমিক ইউনিয়নের ত্রিবার্ষিক নির্বাচনে রেজিষ্ট্রেশন নং (৫৯৫/৮২) আজ মঙ্গলবার দুপুর ১ টার সময় কার্পাসডাঙ্গা শাখা অফিসে নির্বাচন কমিশনার হাজী মো: রিপন মন্ডল কোনো প্রার্থীর প্রতিদ্বন্দ্বী না থাকায় নির্বাচন ফলাফল ঘোষণা করেন।

সভাপতি মো: জাকির হোসেন, সাধারণ সম্পাদক মো: তাজ মুলতান, সহ-সভাপতি পদে মো: জহিরুল ইসলাম, যুগ্ন সাধারণ সম্পাদক আরিফুর রহমান, সাংগঠনিক সম্পাদক মামুন অর রশীদ, সড়ক সম্পাদক মো: মনিরুল ইসলাম, প্রচার সম্পাদক মো: হিরক, কোষাধ্যক্ষ মো: আব্দুল করিম

কার্যকরী সদস্য (০১) মো: আনোয়ার হোসেন (০২) মিজানুর রহমান
(০৩) মো: শুকুর আলী।

এসময় আরো উপস্থিত ছিলেন সহকারী নির্বাচন কমিশনার মো: শামসুল আলম, মো: সিদ্দিকুর রহমান, মো: মোখলেসুর রহমান (রিপন) সহ অফিস সচিব মো বাদল এবং সাবেক সম্পাদক মো আব্দুর রহিম (খাবলী) সহ আরো শ্রমিক সংগঠনের সদস্যবৃন্দ।

প্রত্যেক বিজয়ী সদস্য দল মত নির্বিশেষে সকলের কাছে সুষ্ঠুভাবে আগামী দিনগুলোর পরিচালনা করার জন্য সকলের কাছে দোয়া চেয়েছেন।

কার্পাসডাঙ্গায় মাদকবিরোধী অভিযান চালিয়ে ফেনসিডিল সহ গ্রেফতার ১

পুলিশ সূত্রে জানা গেছে পুলিশ সুপার আব্দুলাহ আল মামুনের সার্বিক দিকনির্দেশনায় দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলামের নেতৃত্বে কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের এস আই (নি:) ইমরান হোসেন ও এ এস আই মোসলেম উদ্দিন সহ সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিত্তিতে কার্পাসডাঙ্গা সুবলপুর সড়কে অভিযান চালায়।

অভিযান চলাকালে কাঞ্চনতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাস্তার উপর হতে ২১ বোতল ফেনসিডিল সহ আজ রবিবার সন্ধা ৭:৩০ মিনিটে ইব্রাহিম খলিল (৩২) পিতা জামাল উদ্দিন ‘কে’ আটক করে পুলিশ।

আজ আসামিকে দামুড়হুদা মডেল থানায় সোপর্দ করে মডেল থানায় একটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

কার্পাসডাঙ্গা কোমরপুরে পুলিশের অভিযানে ৫১ পিচ ইয়াবাসহ ২জন আটক

দামুড়হুদা মডেল থানাধীন কার্পাসডাঙ্গা ইউনিয়নের কোমরপুর গ্রামের মাদক বিরোধী অভিযান চালিয়ে ৫১পিচ ইয়াবা সহ ২জনকে আটক করেছে পুলিশ।

আজ বুধবার সন্ধা ছয়টার দিকে দামুড়হুদা মডেল থানাধীন কার্পাসডাঙ্গা ইউনিয়নের কোমরপুর গ্রামের বিল্লাল হোসেন এর মুদি দোকানের সামনে হতে ইয়াবাসহ ধৃত আসামীদের আটক করা হয়।

আটককৃতরা হলেন কার্পাসডাঙ্গা ইউনিয়নের সিমান্তবর্তী হুদাপাড়া গ্রামের মনিরুল ইসলামের ছেলে আজিজুল হক গিরি (২৫) ও রশিদ আলীর ছেলে সোহেল রানা (২২)।

চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের সার্বিক দিকনির্দেশনায় দামুড়হুদা মডেল থানার অফিসার (ইনচার্জ) সাইফুল ইসলামের নেতৃত্বে কার্পাসডাঙ্গা ক্যাম্পের এসআই (নিঃ) ইমরান হোসেন, এএসআই (নি:) মোঃ মসলেম উদ্দিন সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে মাদক বিরোধী অভিযান চালিয়ে ৫১পিচ ইয়াবা সহ ২জনকে আটক করে।

গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়।

কার্পাসডাঙ্গায় মৎস্য আড়েৎ মাছ ক্রয় করা’কে কেন্দ্র করে

সংঘর্ষ

গতকাল দামুড়হুদা কার্পাসডাঙ্গার শান্তি হালদারের মৎস্য আড়েৎ মাছ ক্রয় করা’কে কেন্দ্র করে দুই পক্ষের সংঘর্ষ হয়। না গেছে মদনা ইউনিয়নের মদনা গ্রামের মো: আব্দুলা পিতা আব্দুল জলিল ও কার্পাসডাঙ্গা কোমরপুর গ্রামের আব্দুল কাদের পিতা এড়েং এর ছেলে সকাল ৯ ঘটিকার সময় মাছ ডাকা’কে কেন্দ্র করে হাতাহাতি হয়, এক পর্যায়ে উভয়পক্ষ মধ্যে উত্তেজনা বিরাজ করছিলো।

পরবর্তীতে সন্ধা ৭ টার দিকে কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবদুল করিম বিশ্বাস উভয়পক্ষ’কে ডেকে সমঝোতা করে দেয়।

এসময় উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা বাজার দোকান মালিক সমিতির সভাপতি আলমগীর রাসেল, সাধারণ সম্পাদক মোস্তাফিজ কচি, কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক জাহিদুর রহমান (মুকুল), ইউনিয়ন পরিষদের ৪ নং ওয়ার্ড সদস্য ও প্যানেল চেয়ারম্যান মনিরুজ্জামান মন্টু, আওয়ামী লীগ নেতা আক্তারুজ্জামান, ফারুক হোসেন, ইসরাফিল, এবং ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক সানাউল কবির(শিরিন) সহ স্থানীয় ব্যক্তিবর্গ।

কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবদুল করিম বিশ্বাস উভয়পক্ষকে হাতে হাত মিলিয়ে শান্তি শৃঙ্খলা বজায় রেখে ব্যবসা চালিয়ে যেতে বললেন। চেয়ারম্যান এই মহৎ উদ্যোগে মদনা ও কার্পাসডাঙ্গা কোমপুরে উভয়পক্ষই সন্তুষ্ট এবং চেয়ারম্যান’কে সাধুবাদ জানায়।

কার্পাসডাঙ্গায় ১ কেজি গাঁজা সহ চন্দন লাহিড়ী গ্রেফতার

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা মিশনপল্লীর মৃত ইসহাক লাহিড়ীর ছেলে চন্দন লাহিড়ী (৫২) গতকাল বুধবার দুপুর সাড়ে ৩ টার সময় নিজ বাড়ি থেকে আটক করা হয়েছে।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলামের নির্দেশে গোপন সংবাদের ভিত্তিতে চন্দন লাহিড়ীর নিজ বাড়িতে অভিযান চালিয়ে ১ কেজি গাঁজা সহ কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির এস আই ইমরান হোসেন, এ এস আই মোসলেম উদ্দিন সহ সঙ্গীয় ফোর্স নিয়ে চন্দন’কে আটক করেন।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলামের সাথে মুঠোফোনে যোগাযোগ করে জানা যায় ১ জনকে গাঁজা সহ আটক করা হয়েছে।

গতকাল তার মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে তাকে আদালতে সোপর্দ করা হয়েছে। তিনি আরো বলেন দামুড়হুদা মডেল থানায় আমি নতুন যোগাযোগ করেছি, তবে আমি আমার সাধ্যমতো মাদক নির্মুল করার চেষ্টা করবো। এবং এলাকার শান্তি শৃঙ্খলা বজায় রেখে যুবসমাজকে ধংসের মুখ থেকে রক্ষা করতে হবে।

কার্পাসডাঙ্গা আবাসন প্রকল্পের ১০ টি অসহায় পরিবারের মানবেতর জীবনযাপন

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ভূমিহীন পাড়ার আবাসন প্রকল্পের ১০ টি পরিবার আজ দীর্ঘ বছর ধরে ভাঙ্গা ঘরে চরম মানবেতর জীবন যাপন করছে।

জানা গেছে,কার্পাসডাঙ্গা ভূমিহীনপাড়ার আবাসন প্রকল্পের ১১ নাম্বার ছাউনির ১০ টি ঘর বিগত ১১ বছর পূর্বে আগুনে পুড়ে যায়।পুড়ে যাবার পর থেকেই ঘরের চালের টিনগুলো নস্ট হতে থাকে। বিগত কয়েক বছর ধরে ১০ টি অসহায় ভূমিহীন পরিবারের ঘরের টিনের চাল গুলো বড় বড় ছিদ্রে পরিনত হয়েছে।একটু বৃষ্টি হলেই প্রবল বেগে পানি ঘরে ঢুকে পড়ে পুরো ঘর ভিজে একাকার হয়ে যায়।সূর্যের প্রচন্ড তাপ টিনের বড় বড় ছিদ্র ভেদ করে ঘরে প্রবেশ করে।ঘর না বারান্দা অনেক সময় তারা নিজেরাই এটা বুঝতে পারেনা।উপজেলা প্রশাসন সহ বিভিন্ন

রাজনৈতিক নেতাদের কাছে তারা ধর্না দিয়েও পাননি কোন প্রতিকার।বাধ্য হয়ে তারা কয়েক বছর ধরে টিনের চালের নিচে পুরো ঘর জুড়ে পলিথিন দিয়ে ঢেকে রেখেছেন।তারা জানান বৃষ্টি হলে এসব পলিথিনে কোন কাজ হয়না।ঘর ভিজে একাকার হয়ে যায়।আবাসন প্রকল্পটির বাসিন্দা খতিব জানান প্রতি তিনমাস পর পর পলিথিন বদলাতে হয়। সংসার চালাবো না পলিথিন কিনবো

ওহাব,জমির,ইয়াকুব,জুবাইয়া জানান বৃষ্টি হলে ঘরে থাকতে পারিনা। বাচ্চা দের নিয়ে খাটের নিচে থাকতে হয়। রফিকুল,শরীফ,রিয়াদ,পিয়ারী,মোশারফ জানান আজ দীর্ঘ ১১ বছরেও আমাদের এ দশটি পরিবারের টিনের চালের ব্যাবস্থা হলোনা। আমরা অসহায় ভূমিহীন আমরা কার কাছে যাবো।কে আমাদের সাহায্য এগিয়ে আসবে।

এ বিষয়ে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সাথে কথা বললে তিনি জানান আমার কাছে একটি লিখিত দরখাস্ত করুক। আমি দেখে অবশ্যই ব্যাবস্থা নিবো।পবিত্র ঈদ উল ফিতর যাতে এ অসহায় পরিবার গুলো সন্তানদের নিয়ে আনন্দে করতে পারে তার জন্য পবিত্র ঈদউল ফিতরের আগে এ পরিবার গুলো ঘরের টিনের চালের ব্যাবস্থা করে দিতে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র আশু হস্তক্ষেপ কামনা করেছে ভুক্তভোগী পরিবার গুলো সহ সচেতন মহল।